

AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin

Date 26-12-2025

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যে ভোটের তালিকার বিশেষ নিবিড় সংশোধনী (এসআইআর) প্রক্রিয়ার শুনানি পর্ব আগামীকাল শুরু হচ্ছে।

২) বাংলাদেশে হিন্দু যুবক দীপু দাসের খুনের ঘটনার প্রতিবাদে আজ রাজ্যের বিভিন্ন স্থানে প্রতিবাদ, বিক্ষোভ, মিছিলের আয়োজন করা হয়।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি বলেছেন, বাংলাদেশের অন্তর্বর্তী সরকার সংখ্যালঘুদের সুরক্ষা নিশ্চিত না করলে ভারত সরকার ব্যবস্থা নেবে।

৩) সল্টলেকে দত্তাবাদে স্বর্ণ ব্যবসায়ী খুনে রাজগঞ্জের বিডিও প্রশান্ত বর্মণের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করল বিধাননগর মহকুমা আদালত।

৪) শিল্প ও সংস্কৃতিতে অসামান্য কৃতিত্বের জন্য প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় বাল পুরস্কারে সম্মানিত হয়েছে নদিয়ার কিশোর তবলা শিল্পী সুমন সরকার।

৫) রাজ্যের বিভিন্ন জেলায় তাপমাত্রার পারদ ক্রমশ নিম্নমুখী।

oooooooooooooooooooooooooooo

রাজ্যে ভোটের তালিকার বিশেষ নিবিড় সংশোধনী (এসআইআর) প্রক্রিয়ার শুনানি পর্ব আগামীকাল শুরু হচ্ছে। রাজ্যজুড়ে মোট ৩,২৩৪টি শুনানি কেন্দ্র চূড়ান্ত করা হয়েছে। প্রথম পর্বে প্রায় ৩২ লক্ষ আন ম্যাপড ভোটারকে শুনানিতে ডাকা হচ্ছে। যারা

২০০২ এর ভোটের তালিকার সঙ্গে কোন রকম সম্পর্ক দেখাতে পারেননি।আধার কার্ড সহ মোট ১২টি স্বীকৃত নথি পেশ করার সুযোগ রয়েছে। তবে শুধুমাত্র আধার কার্ড কে নথি হিসেবে বিবেচনা করা হবে না। বিহারের গত বছরের এস আই আর এর তালিকাকেও বৈধ নথি হিসেবে গণ্য করা হচ্ছে। নকল বা ভুয়ো নথি জমা দিলে তা দণ্ডনীয় অপরাধ হিসেবে গণ্য হবে—এই সতর্কবার্তাও স্পষ্ট ভাবে জানিয়ে দিয়েছে নির্বাচন কমিশন।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, শুনানির যাবতীয় প্রস্তুতি সম্পন্ন। সাড়ে চার হাজারের বেশি মাইক্রো অবজারভারের কড়া নজরদারিতে শুনানি পর্ব চলবে।ই আর ও,এইআরওব বিএলও পর্যবেক্ষকের মত অনুমোদিত ব্যক্তি ছাড়া শুনানি কেন্দ্রে অন্য কেউ উপস্থিত থাকতে পারবেন না।শুনানির সময় প্রতিটি কেন্দ্রেই ফটো ডকুমেন্টেশন করা হবে বলে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটকর্মী ও BLO ঐক্য মঞ্চ অবিলম্বে নিখোঁজ BLO অমিত কুমার মণ্ডলকে খুঁজে বার করতে নির্বাচন কমিশনের পদক্ষেপ দাবি করেছে। এই দাবি ছাড়াও BLO দের বিভিন্ন সমস্যার সমাধানের উদ্যোগ নিতে মঞ্চের তরফে আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালকে চিঠি দিয়েছে বলে মঞ্চের সম্পাদক স্বপন মন্ডল জানিয়েছেন। খসড়া ভোটের তালিকা প্রকাশের পর ইতোমধ্যেই হিয়ারিং নোটিশ পাঠানো শুরু হয়েছে। এর মধ্যে BLO নিখোঁজ হওয়ার ঘটনায় মঞ্চের পক্ষ থেকে উদ্বেগ প্রকাশ করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশে হিন্দু যুবক দীপু দাসের খুনের ঘটনার প্রতিবাদে আজ রাজ্যের বিভিন্ন স্থানে প্রতিবাদ, বিক্ষোভ, মিছিলের আয়োজন করা হয়।

কলকাতায় শিয়ালদা থেকে বেকবাগান পর্যন্ত এক প্রতিবাদ মিছিলের আয়োজন করা হয় হিন্দু সংহতি সংগঠনের পক্ষ থেকে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারির

নেতৃত্বে সাধু-সন্তদের ওই মিছিলে সামিল হন বহু সাধারণ মানুষও । চার সাধুকে সঙ্গে নিয়ে বিরোধী দলনেতা বাংলাদেশ ডেপুটি হাই কমিশনারের দফতরে স্মারকলিপি জমা দিতে গেলে পুলিশী বাধার মুখে পড়েন। যদিও তা অগ্রাহ্য করে বিশেষ অনুমতি নিয়ে তিনি ভেতরে যান। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা বলেন, বাংলাদেশের অন্তর্বর্তী সরকার সংখ্যালঘুদের সুরক্ষা নিশ্চিত না করলে ভারত সরকার ব্যবস্থা নেবে।

এদিকে, গত মঙ্গলবার বাংলাদেশ ডেপুটি হাই কমিশনের সামনে বিক্ষোভ প্রদর্শনের অংশ নেন সনাতনী হিন্দু সংগঠনের সদস্যরা। ঘটনায় পুলিশের সাথে সংঘর্ষে চরম বিশৃঙ্খলা সৃষ্টি হয়। ১৯ জনকে গ্রেফতার করা হলেও, পরে ৭ জনকে এবং আজ বাকিদের জামিনে মুক্ত করা হয়।

পূর্ব বর্ধমানের মেমারিতেও আজ সনাতনী হিন্দুরা মিছিল ও বিক্ষোভ প্রদর্শন করে। মেমারির এলএনটি বাজার থেকে মিছিল শুরু হয়ে পারিজাতনগর বাজারে শেষ হয়। মিছিল শেষে রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখিয়ে মোহাম্মদ ইউনুসের কুশপুতুল দাহ করা হয়। বিক্ষোভ সমাবেশ থেকে দীপু দাসের নির্মম হত্যার তদন্ত ও দ্রুত বিচারের দাবি জানানো হয়।

বর্ধমান শহরেও বজরঙ্গ দলের পক্ষ থেকেও ঘটনার প্রতিবাদে মিছিলের আয়োজন করা হয়।

পশ্চিম মেদিনীপুরেও আজ বিক্ষোভ দেখানো হয়। জেলাজুড়ে দীপু চন্দ্র দাসকে হত্যার প্রতিবাদে বিক্ষোভ সমাবেশের আয়োজন করা হয়।

মেদিনীপুর শহরে বজরং দল সহ আরও কয়েকটি সনাতনী সংগঠনও বিক্ষোভ কর্মসূচীতে অংশ নেয়।

০০০০০০০০০০০০০০০০০০০০

সল্টলেকে দত্তাবাদে স্বর্ণ ব্যবসায়ী খুনে রাজগঞ্জের বিডিও প্রশান্ত বর্মণের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করল বিধাননগর মহকুমা আদালত। স্বর্ণ ব্যবসায়ী স্বপন কামিন্সা খুনের ঘটনায় প্রশান্ত বর্মণের নাম উঠে আসে তদন্তে। নিম্ন আদালতে জামিন

পেয়েছিলেন তিনি। নিম্ন আদালতের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয় রাজ্য। বিডিও-র আগাম জামিন খারিজ করে ৭২ ঘণ্টার মধ্যে ওই বিডিওকে আদালতে আত্মসমর্পন করতে নির্দেশ দেয় হাইকোর্ট। তারপরেও আত্মসমর্পন করেননি তিনি। আজকের বিধাননগর মহকুমা আদালতের নির্দেশের পর পুলিশের সামনে তাঁকে গ্রেফতারে আর কোন বাধা রইল না।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের পরিযায়ী শ্রমিকদের উপর ভিন রাজ্যে নতুন করে হামলার ঘটনা ঘটছে বলে গভীর উদ্বেগ প্রকাশ করেন প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। এ প্রসঙ্গে মুর্শিদাবাদ এর সুতির এক পরিযায়ী শ্রমিকের ওড়িশায় মৃত্যুর ঘটনার কথা উল্লেখ করেন তিনি।

তামিলনাড়ুতেও রাজ্যের পরিযায়ী শ্রমিককে বাংলাদেশী তকমা দিয়ে ডিটেনশন করে রাখা হয়েছে বলে অভিযোগ করেন। তাদের বাড়িতে ফিরিয়ে আনার প্রয়াস তিনি চালাচ্ছেন বলে জানিয়েছেন অধীর বাবু।

০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার ন্যাজাটে শেখ শাহজাহান মামলায় সাক্ষী ভোলা ঘোষকে লরি চাপা দিয়ে মারার চেষ্টার সঙ্গে যুক্ত আরও একজনকে হাড়োয়া থেকে গ্রেফতার করল ন্যাজাট থানার পুলিশ। এই মামলায় পুলিশি হেপাজাতে থাকা পাঁচ জনকে জেরা করে পুলিশ এই চক্রান্তের সঙ্গে যুক্ত রফিকুল পুরকাইতের কথা জানতে পারে। হাড়োয়ার কুলটি এলাকা থেকে রফিকুলকে গত রাতে গ্রেফতার করে পুলিশ। আজ তাকে বসিরহাট মহকুমা আদালতে পেশ করা হলে বিচারক পাঁচ দিনের পুলিশী হেফাজতের নির্দেশ দেয়।

এনিয় ন্যাজাট কাণ্ডে এপর্যন্ত ৬ জনকে গ্রেফতার করা হলো।

০০০০০০০০০০০০০০০০০০০০

আসন্ন গঙ্গাসাগর মেলার প্রস্তুতি খতিয়ে দেখতে রাজ্যের দমকল মন্ত্রী সুজিত বসু আজ গঙ্গাসাগরে পরিদর্শনে যান। সঙ্গে ছিলেন দমকলের ডিজিও। যাওয়ার পথে কচুবেড়িয়া সহ মেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্ট ঘুরে দেখেন মন্ত্রী। পরে কপিলমুনির আশ্রমে পূজো দিয়ে মেলা প্রাঙ্গণ ও দমকল বিভাগের পরিকাঠামো, অগ্নিনির্বাপন ব্যবস্থাপনাও খতিয়ে দেখেন। পরিদর্শন শেষে দমকল আধিকারিক ও জেলা প্রশাসনের কর্তাদের নিয়ে একটি বৈঠক করেন তিনি। বৈঠকে জানানো হয়, এবছর মেলায় মোট ১৮টি অস্থায়ী দমকল কেন্দ্র তৈরি করা হচ্ছে। পাশাপাশি থাকবে ৭৫টি ফায়ার ফাইটিং বাইক, যা মেলার ভিড়ের মধ্যেও দ্রুত ঢুকে আগুন নেভানোর কাজে ব্যবহার করা যাবে।

এছাড়া বিদ্যুৎ দপ্তরের কর্মীদের বিশেষ সতর্কতা অবলম্বনের নির্দেশ দেওয়া হয়েছে, শট সার্কিটের সম্ভাবনা এড়াতে বাড়তি নজরদারির কথাও বলা হয়েছে। দমকলমন্ত্রীর সঙ্গে ছিলেন সুন্দরবন উন্নয়ন মন্ত্রী বক্ষিম হাজরা, জেলা সভাপতি নীলিমা মিস্ত্রি, সহ-সভাপতি শ্রীমন্ত মালি সহ অন্যান্য প্রশাসনিক আধিকারিকরা।

০০০০০০০০০০০০০০০০০০০০

নানা দাবি দাওয়া নিয়ে রাজ্যের বিভিন্ন জায়গায় আশা কর্মীরা আজ বিক্ষোভ আন্দোলনে সামিল হন। তাদের দাবিগুলির মধ্যে রয়েছে মাতৃত্বকালীন ছুটি, ভাতার পরিমাণ বৃদ্ধি, ইনসেন্টিভ সহ বকেয়া প্রদান, কর্মরত অবস্থায় মৃতের পরিবারকে ৫ লক্ষ টাকা প্রদান ইত্যাদি।

(বাইট—আশা কর্মী)

বর্ধমান বারাসাত সহ রাজ্যের বিভিন্ন স্থানে আশা কর্মীদের বিক্ষোভ আন্দোলন ও রাস্তা অবরোধের খবর পাওয়া গেছে। এর ফলে বেশ কিছু জায়গায় যানজটের সৃষ্টি হয়।

উল্লেখ্য, ২০ শে ডিসেম্বর থেকে আশা কর্মীরা অনির্দিষ্টকালের জন্য কর্ম বিরতি পালন করছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার ২৮ তারিখ আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিশ্বব্যাঙ্ক সহ বাইরের বিভিন্ন সংস্থার আর্থিক সহায়তায় চলা সমস্ত প্রকল্পের তথ্য এক জায়গায় আনতে রাজ্য সরকার নতুন অনলাইন পোর্টাল চালু করেছে। রাজ্যের অর্থ দফতরের উদ্যোগে তৈরি এই এক্সটার্নালি এডেড প্রজেক্ট পোর্টালের মাধ্যমে এবার থেকে বাহ্যিক ঋণ ও অনুদানে চলা সব প্রকল্পের তথ্য নথিভুক্ত, নজরদারি ও মান নির্ধারণ করা হবে।

নবান্ন এক নির্দেশিকায় জানিয়েছে, যে সব প্রশাসনিক দফতর বহিরাগত সাহায্যপ্রাপ্ত প্রকল্প রূপায়ণের দায়িত্বে রয়েছে, তাদের এবছরের ৩১ ডিসেম্বরের মধ্যে সংশ্লিষ্ট প্রকল্পের সম্পূর্ণ তথ্য ও প্রয়োজনীয় নথি এই পোর্টালে আপলোড করতে হবে। এই পোর্টালই হবে ভবিষ্যতে এমন সমস্ত প্রকল্পের তথ্য সংরক্ষণের একমাত্র প্ল্যাটফর্ম।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

শিল্প ও সংস্কৃতিতে অসামান্য কৃতিত্বের জন্য প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় বাল পুরস্কারে সম্মানিত হয়েছে নদিয়ার কিশোর তবলা শিল্পী সুমন সরকার। মাত্র ১৬ বছর বয়সেই তবলা বাদনে অসাধারণ কৃতিত্বের জন্য তাকে এই পুরস্কারে সম্মানিত করা হয়।

সুমন মাত্র ৩ বছর বয়স থেকেই তবলা বাদনের সঙ্গে যুক্ত এবং ইতিমধ্যেই সে দেশ-বিদেশের বিভিন্ন মঞ্চে ৬০-টিরও বেশি অনুষ্ঠানে অংশ নিয়েছেন।

তার প্রতিভা ও অধ্যবসায়ের স্বীকৃতি হিসেবে সে ৪৩-টি জাতীয় ও আন্তর্জাতিক স্তরের পুরস্কারে সম্মানিত হয়েছে।

উল্লেখ্য, সামাজিক কাজের প্রতি তাঁর দায়বদ্ধতার নজির হিসেবে সে পুরস্কার হিসেবে প্রাপ্ত অর্থ দিয়ে অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া শিশুদের জন্য তবলা কিনে দেয় এবং তাদের বিনামূল্যে প্রশিক্ষণ প্রদান করে। এই উদ্যোগকে আরও সুসংগঠিত রূপ দিতে সে প্রতিষ্ঠা করেছেন রানাঘাট হিউম্যানিটিজ এডুকেশন সেন্টার, যেখানে বর্তমানে ৪২ জন ছাত্রছাত্রী সংগীত শিক্ষার সুযোগ পাচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ কবি, দার্শনিক, সমাজ সংস্কারক হেনরি লুই ভিভিয়ান

ডিরোজিও র ১৯৫ তম প্রয়াণ দিবসে তাকে স্মরণ করা হচ্ছে।

সমাজের অশুভ শক্তির অপসারণ, নারী জাতির ও কৃষক উন্নয়ন-সহ বিভিন্ন গঠনমূলক কাজের মধ্য দিয়ে ডিরোজিও ভারতের ইতিহাসে অমর হয়ে রয়েছেন।

পার্ক সার্কাস সমাধি স্থলে ডিরোজিওর মূর্তিতে পুষ্পার্ঘ্য নিবেদন করে শ্রদ্ধা জানান রাজ্যের শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু। কলকাতা পুরসভার পক্ষ থেকেও পুষ্পার্ঘ্য নিবেদন করা হয়।

oooooooooooooooooooooooooooo

রাজ্যজুড়ে শীত পড়েছে জাঁকিয়ে। সর্বনিম্ন তাপমাত্রার নিরিখে কলকাতায় আজ ছিল এই মরশুমের শীতলতম দিন। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১২ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে ১.৬ ডিগ্রি কম।

আগামী দু-তিন দিন তাপমাত্রা বিশেষ পরিবর্তন হবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন।

(বাইট – সৌরিশ)

oooooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooooo